



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতীয় শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতীয় শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখ দুপুর ২ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে রেজিস্ট্রারের কার্যালয় এ প্রশিক্ষণের আয়োজন করে। কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) সুপ্রভাত হালদার। কোর্স পরিচালক ছিলেন শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট বাহাউদ্দিন গোলাপ। প্রশিক্ষণ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, প্রভোস্ট, পরিচালক, দপ্তর প্রধান, এপিএ কমিটির সদস্যবৃন্দ, এপিএ ফোকাল পয়েন্ট, এপিএ সংক্রান্ত পাঁচটি কম্পোনেন্টের ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্টবৃন্দ শুদ্ধাচার বিষয়ের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস